দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 14 DEC 1988
পৃষ্ঠা 7 কলাম 5

020

## চিকিৎসা বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্তে অভিনন্দন

স্নাতকোত্তর চিকিৎসা ও গবেষণা ইনষ্টিটিউটের শিক্ষক সমিতির পক্ষ হইতে চিকিৎসা বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রেসিডেন্টকে আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, চিকিৎসা বিশ্ববিদ্যালয় স্থাপনের এই সিদ্ধান্তের মাধ্যমে সরকার চিকিৎসকদের অতি পুরাতন একটি দাবী পূরণ করিলেন।

বাসস জানায়, ঢাকা মেডিক্যাল কলেজ শিক্ষক সমিতি এবং বাংলাদেশ মেডিক্যাল শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক ওয়ালিউল্লাহ এক বিবৃতিতে একটি স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের অধীনে মেডিক্যাল শিক্ষাকে ন্যস্ত করার সরকারী সিদ্ধান্তকে অভিনন্দিত করিয়াছেন।